



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা ফোন : ০২৩৩৪৪০৬৩২৮

website : www.comillaboard.gov.bd. E-mail : comillaboard@gmail.com

স্মারক নং: কপ/ছাড়পত্র/২০২৫-২০২৬/৩২৪

তারিখ: ০২/০৩/২০২৬ খ্রি.

বিষয়: ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের একাদশ শ্রেণির অনলাইন টিসি (ইটিসি) ও বিটিসি (বোর্ড ট্রান্সফার)-এর আবেদনের সময় বৃদ্ধি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন টিসি (আসন খালি থাকা সাপেক্ষ) ও বিটিসি (ভিন্ন বোর্ডে ম্যানুয়াল পদ্ধতিতে)-এর কার্যক্রম আগামী ১১/০৩/২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

শিক্ষার্থী কর্তৃক ইটিসি আবেদনের শেষ তারিখ	০৮/০৩/২০২৬
উৎস কলেজ কর্তৃক অনুমোদনের শেষ তারিখ	০৯/০৩/২০২৬
গন্তব্য কলেজ কর্তৃক অনুমোদনের শেষ তারিখ	১০/০৩/২০২৬
শিক্ষার্থী কর্তৃক অনলাইনে টাকা জমা দেওয়ার শেষ তারিখ	১১/০৩/২০২৬

- ❖ ইটিসির কার্যক্রম সম্পূর্ণরূপে অনলাইনে ও বিটিসির কার্যক্রম ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন হবে।
- ❖ ইটিসির আদেশের পর উৎস কলেজ হতে মূল কাগজপত্র উত্তোলনের পূর্ব পর্যন্ত শিক্ষার্থী উৎস কলেজে অ্যাকাডেমিকসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবে।

অনুসরণীয় বিষয়সমূহ:

- ১। শিক্ষাবোর্ডের ওয়েবসাইটের কলেজ কর্নারে (https://web.comillaboard.gov.bd/bisecb/eseba_details/73) টিসি লিঙ্কে গিয়ে আবেদন করতে হবে। পরবর্তীতে উক্ত লিঙ্কে আইডিতে লগইন করে আবেদনের স্ট্যাটাস দেখতে পারবে এবং অর্ডার হলে ডাউনলোড ও প্রিন্ট করতে পারবে।
- ২। শিক্ষার্থীদের আবেদন গন্তব্য কলেজ অনুমোদনের পর টিসির ফি (৭০০ টাকা) পরিশোধের লিঙ্ক এসএমএস-এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে, অথবা শিক্ষার্থী তার আইডিতে লগইন করে লিঙ্কের মাধ্যমে ফি পরিশোধ করতে পারবে।
- ৩। বোর্ডের অনুমোদনের এসএমএস পেলে শিক্ষার্থী অনলাইন থেকে টিসির আদেশ ডাউনলোড করে উৎস কলেজ হতে কাগজপত্র উত্তোলন করে গন্তব্য কলেজে ভর্তি হতে পারবে।
- ৪। গন্তব্য কলেজ শুধু শূন্য আসনের বিপরীতে শিক্ষার্থীর টিসির আবেদন অনুমোদন করতে পারবে; কোনোভাবেই এর বেশি নয়।
- ৫। গন্তব্য কলেজে শিক্ষার্থীর অধ্যয়নরত বিষয় না থাকলে টিসির মাধ্যমে ভর্তি হতে পারবে না।
- ৬। বিটিসি ব্যতিত উক্ত কার্যক্রমের জন্য শিক্ষার্থীদের বোর্ডে যোগাযোগের কোনো প্রয়োজন নেই।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০২/০৩/২০২৬

(প্রফেসর মোঃ নুরুন্নবী আলম)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা।

অধ্যক্ষ

(কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাভুক্ত কলেজসমূহ)

স্মারক নং: কপ/ছাড়পত্র/২০২৫-২০২৬/৩২৪ (২)

তারিখ: ০২/০৩/২০২৬ খ্রি.

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

২। অফিস কপি।

০২/০৩/২০২৬

(প্রফেসর মোঃ নুরুন্নবী আলম)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা।